

## ভিসা বন্ড প্রোগ্রাম কিভাবে কাজ করে জানালো মার্কিন দূতাবাস

- A Monitor Desk Report

Date: 26 January, 2026



ঢাকাঃ বাংলাদেশিদের জন্য মার্কিন ভিসা বন্ড (ভিসায় জামানত) কার্যকর হয়েছে গত ২১ জানুয়ারি। যুক্তরাষ্ট্রে স্বল্পমেয়াদি ভ্রমণের ক্ষেত্রে ভিসাশর্ত লঙ্ঘনের ঝুঁকি কমাতে চালু করা হয়েছে ভিসা বন্ড পাইলট প্রোগ্রাম।

এই কর্মসূচির আওতায় নির্দিষ্ট কিছু আবেদনকারীকে ভিসা পাওয়ার আগে একটি নির্দিষ্ট অঙ্কের অর্থ জামানত (বন্ড) হিসেবে জমা দিতে হয়। ভিসার শর্ত যথাযথভাবে পালন করলে পরে সেই অর্থ ফেরত পাওয়া যায়।

সোমবার (২৬ জানুয়ারি) এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাস।

এতে জানানো হয়, ভিসা ইন্টারভিউ শেষে কোনো আবেদনকারী যোগ্য বিবেচিত হলে কনসুলার কর্মকর্তা তাকে বন্ড পরিশোধের নির্দেশনা দেন। এ সময় যুক্তরাষ্ট্র সরকারের অনলাইন পেমেন্ট প্ল্যাটফর্ম [pay.gov](https://pay.gov) এর একটি সরাসরি লিংক দেওয়া হয়।

নির্দেশনা পাওয়ার পর আবেদনকারীকে ৩০ দিনের মধ্যে নির্ধারিত অঙ্কের বন্ড পরিশোধ করতে হয়। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ জমা না দিলে ভিসা প্রক্রিয়া বাতিল হতে পারে।

বন্ড পরিশোধ সম্পন্ন হলে আবেদনকারীকে সর্বোচ্চ ৩ মাস মেয়াদি, একবার প্রবেশযোগ্য (সিঙ্গেল-এন্ট্রি) ভিসা দেওয়া হয়। এই ভিসার মাধ্যমে কেবল একবারই যুক্তরাষ্ট্রে প্রবেশ করা যাবে।

ভিসা বন্ড পাইলট প্রোগ্রামের আওতায় ভ্রমণকারীদের যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে হবে সরকার নির্ধারিত নির্দিষ্ট কিছু পোর্ট অব এন্ট্রি দিয়ে। অন্য কোনো পোর্ট ব্যবহার করলে ভিসার শর্ত লঙ্ঘিত হতে পারে।

ভ্রমণ শেষে নির্ধারিত সময়ের মধ্যে নিজ দেশে ফিরে আসা এবং ভিসার সব শর্ত যথাযথভাবে পালন করা বাধ্যতামূলক। শর্তগুলোর মধ্যে

রয়েছে যুক্তরাষ্ট্রে কোনো ধরনের কাজ না করা এবং অনুমোদিত সময়সীমা অতিক্রম না করা।

সব শর্ত পূরণ হলে বন্ডটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যায় এবং আবেদনকারীর জমা দেওয়া অর্থ ফেরত দেওয়া হয়।

**-B**